গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং- ডিজিএনএম/শা-৪/হু-১২২/৯২/ তাং------------------------ জ্যৈষ্ঠ,১৪২৪। জুন,২০১৭।

## অফিস আদেশ

জনাব মোঃ হুমায়ুন কবির (পিতাঃ মোঃ আব্দুল হাই সরকার), টেবিল বয়, নার্সিং ইনষ্টিটিউট বাগেরহাট গত ০৫/০৬/২০১৬ইং তারিখ হতে ০৭/০৬/২০১৬ইং তারিখ পর্যন্ত ডে-অফ নিয়ে কর্মস্থল ত্যাগ করে ১৫/০১/২০১৭ইং তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে স্থানীয় কর্তৃপক্ষের ২০/০৯/১৬ইং তারিখের এন,আই/বাগের/১৬/২৩২ নং স্মারকের অভিযোগের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে ০৭/১১/২০১৬ইং তারিখের ৯৯৩৫ নং স্মারকে বিভাগীয় মামলা দায়ের পূর্বক অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা তার ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি অসুস্থ্যতার কারণ দেখিয়ে ১৬/০১/২০১৭ইং তারিখ কর্মস্থলে যোগদানপত্রসহ অভিযোগনামার জবার দাখিল করেন। তার দাখিলকৃত জবাব ও মামলটি তদন্তের জন্য গত ০৯/০২/২০১৭ইং তারিখে গঠিত তদন্ত বোর্ডের **২৮/০২/২০১৭ইং** তারিখের তদন্ত কার্যক্রমে তিনি হাজির হয়ে জবানবন্দী প্রদান করেন। তদন্ত বোর্ডের ৩০/০৪/২০১৭ইং তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার ডিজারশনের অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে তদন্ত বোর্ড মতামত দিয়েছেন।

সেহেতু, এক্ষনে তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন এবং মামলা সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনা করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ এর ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের দায়ে জনাব মোঃ হুমায়ুন কবির (পিতাঃ মোঃ আব্দুল হাই সরকার), টেবিল বয়, নার্সিং ইনষ্টিটিউট বাগেরহাট এর উপর বিভাগীয় মামলায় নিম্নোক্ত দন্ড আরোপ করা হলো ঃ

১। সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ এর ৪(২)(বি) ধারা মোতাবেক জনাব মোঃ হুমায়ুন কবির (পিতাঃ মোঃ আব্দুল হাই সরকার), টেবিল বয়, নার্সিং ইনষ্টিটিউট বাগেরহাট এর পরবর্তী ০১(এক) বৎসরের জন্য ০১(এক)টি বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো। স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতন ভবিষ্যতে সমন্বয় করা হবে না।

২। তার ১৬/০১/২০১৭ইং তারিখ দাখিলকৃত যোগদানপত্র গ্রহণের অনুমতি প্রদান করা হলো এবং যোগদানের পরবর্তী দিনগুলি কর্যকাল হিসাবে গন্য করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।

নং- ডিজিএনএম/শা-৪/হু-১২২/৯২/ ৩৩৪২।২(৬) তাং------------------------ ৩২ জ্যৈষ্ঠ,১৪২৪। ০৪ জুন,২০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিভিল সার্জন, বাগেরহাট।
২। সিনিয়র সহকারী সচিব(নার্সিং শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, বাগেরহাট।
৪। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনষ্টিটিউট বাগেরহাট।
আপনাকে জনাব মোঃ হুমায়ুন কবির (পিতাঃ মোঃ আব্দুল হাই সরকার), টেবিল বয়, নার্সিং ইনষ্টিটিউট বাগেরহাট এর অনুপস্থিত দিনগুলি ছুটি মঞ্জুরের জন্য তার জমাকৃত অর্জিত ছুটির হিসাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফাইরি অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মোঃ হুমায়ুন কবির (পিতাঃ মোঃ আব্দুল হাই সরকার), টেবিল বয়, নার্সিং ইনষ্টিটিউট বাগেরহাট।
৭। পি,এম,আই,এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

৩০/৫/১৭
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক (শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

জ্যৈষ্ঠ,১৪২৪।
নং- ডিজিএনএম/শা-৪/ম-৮৩/৯২/ তাং-----------------------
জুন,২০১৭।

## অফিস আদেশ

জনাব মমতাজ খাতুন (পিতা-মোঃ জুরান আলী), সিনিয়র স্টাফ নার্স, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা ১০/০৫/২০১৫ইং তারিখ হতে ২৪/০৫/২০১৫ইং তারিখ পর্যন্ত অর্জিত ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে ০৮/০১/২০১৭ইং তারিখ অসুস্থ্যতার কারণে কর্মস্থলে উপস্থিত হতে পারেন নাই জানিয়ে যোগদানপত্র দাখিল করেন। যা তাঁর স্থানীয় কর্তৃপক্ষ ২৬/০১/২০১৭খ্রিঃ তারিখের জাববইহা/২০১৭/৩৪২ নং স্মারকে প্রেরণ করেন। উহার প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের ২৮/০২/২০১৭খ্রিঃ তারিখের ১৫৭০ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা তাঁর ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি উক্ত অভিযোগনামার জবাব ০৬/০৩/২০১৭খ্রিঃ তারিখ দাখিল করেন। উহাতে অত্র অধিদপ্তরের ২৮/০২/২০১৭খ্রিঃ তারিখের ১৫৭০ সংখ্যক স্মারক মোতাবেক তিনি ০৩/০৫/২০১৭খ্রিঃ তারিখ ব্যক্তিগত শুনানীসহ জবানবন্দী প্রদান করেন। তাঁর ব্যক্তিগত শুনানীসহ জবানবন্দী ও দাখিলকৃত চিকিৎসাপত্র পর্যালোচনায় তিনি নির্দোষ প্রমানিত হওয়ায় তাঁকে আনিত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। নির্ধারিত ছুটি বিধিমালা,১৯৫৯ এর বিধি-৯(৩)(১) ধারা মোতাবেক জনাব মমতাজ খাতুন (পিতা-মোঃ জুরান আলী), সিনিয়র স্টাফ নার্স, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর ১০/০৫/২০১৭খ্রিঃ তারিখ হতে ০৭/০১/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত অনুপস্থিত দিনগুলি অসাধারণ ছুটি হিসাবে (বিনা বেতনে) মঞ্জুর করা হলো। তাঁর ০৮/০১/২০১৭খ্রিঃ তারিখ দাখিলকৃত যোগদানপত্র গ্রহণের অনুমতি প্রদান করা হলো এবং যোগদানের পরবর্তী দিনগুলি কর্যকাল হিসাবে গন্য করা হলো।

স্বাঃ/-
(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।

৩১ জ্যৈষ্ঠ,১৪২৪।
নং- ডিজিএনএম/শা-৪/ম-৮৩/৯২/ ৩৩৯৫/৭(৭) তাং-----------------------
১৪ জুন,২০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২। পরিচালক ও অধ্যাপক, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা
৩। সিনিয়র সহকারী সচিব(নার্সিং শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মমতাজ খাতুন (পিতা-মোঃ জুরান আলী), সিনিয়র স্টাফ নার্স, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
৭। পি,এম,আই,এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

১৩.৬.১৭

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক (শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং- ডিজিএনএম/শা-১/১স-২১৪৫/২০১৩/ | জ্যৈষ্ঠ,১৪২৪। তাং------------------------ জুন,২০১।

## অফিস আদেশ

জনাব মোসাঃ সায়েমা খাতুন (পিতা- মোহাঃ আব্দুল করিম), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগড়া, চট্টগ্রাম এর গত ০৮/১২/২০১৩খ্রিঃ তারিখ হতে ১০/১২/২০১৩খ্রিঃ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে ৩১/১০/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে অসুস্থ্যতার কারণ দেখিয়ে ০১/১১/২০১৬খ্রিঃ তারিখ কর্মস্থলে যোগদানপত্র দাখিল করেন। ফলে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা,১৯৮৫ এর ৩(বি) ধারা মোতাবেক অসদারনের দায়ে অভিযুক্ত করে অত্র অধিদপ্তরের ২৭/০২/২০১৭খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১স-২১৪৫/২০১৩/১৫২৫ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা দায়ের করে অভিযোগ বিবরনীসহ অভিযোগ নামা তাঁর ঠিকানায় প্রেরণ করা হয়। উহাতে তাঁর স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে ০৭/০৩/২০১৭খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব দাখিল করেন। যা তাঁর কর্তৃপক্ষ ১৩/০৩/২০১৭খ্রিঃ তারিখের সিএসসি/শা-৬/এসএসএন/১৭/৫৭৩৯ সংখ্যক স্মারকে অত্র অধিদপ্তরে প্রেরণ করেন। তাঁর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য সহকারী পরিচালক(প্রশাঃ), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকাকে একক সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ডের কর্মকর্তা নিয়োগ করা হলো।

কার্যপরিধি ঃ

১। তদন্ত কর্মকর্তা তদন্তের স্থান, তারিখ ও সময় নির্ধারণ পূর্বক সকলকে অবহিত করবেন।
২। তদন্ত কর্মকর্তা আগামী ১৫(পনের)টি কার্য দিবসের মধ্যে তদন্ত কার্য সম্পন্ন করতঃ নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে তদন্ত প্রতিবেদন দাখিল করবেন।

স্বা/-
(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।

নং- ডিজিএনএম/শা-১/১স-২১৪৫/২০১৩/ ৬৪০১/১(৭) | ৩১ জ্যৈষ্ঠ,১৪২৪। তাং------------------------ ১৪ জুন,২০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিভিল সার্জন, চট্টগ্রাম।
২। সিনিয়র সহকারী সচিব(নার্সিং শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সহকারী পরিচালক(প্রশাঃ), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগড়া, চট্টগ্রাম।
৫। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, লোহাগড়া, চট্টগ্রাম।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। পি,এম,আই,এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

১৪.৬.১৭
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক (শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

জ্যৈষ্ঠ,১৪২৪।
নং- ডিজিএনএম/শা-১/১ক-৩৩৩১/৯৮/ তাং-----------------------
জুন,২০১৭।

প্রাপক ঃ সিভিল সার্জন
নড়াইল।

বিষয় ঃ অভিযোগের বিষয়টি তদন্ত পূর্বক মতামত প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিয়য়ে জানানো যাচ্ছে যে, জবাব কোহিনুর বেগম(পিতা- মৃত সেখ ইব্রাহীম খাঁ), সিনিয়র স্টাফ নার্স. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগড়া, নড়াইল কর্তৃক জোর জবরদস্তি ও ছলচাতুরীর মাধ্যমে অর্থ গ্রহণের কারণে অশিক্ষিত দরিদ্র রোগীরা স্বাস্থ্য সেবা পাওয়ার পরিবর্তে নির্যাতিত হচ্ছে মর্মে জনৈক আব্দুল জলিল অভিযোগ প্রেরণ করেছেন। জবাব কোহিনুর বেগমের অর্থ গ্রহণের কয়েকটি ছবি, কয়েকটি ভিডিও চিত্র, মেমোরি কর্ড, ভিডিও চিত্রের হুবহু কথোপকথন, তার অনিয়মের কিছু বর্ণনা, ভর্তিকৃত রোগী যাদের কাছে বিভিন্ন সেবার বিনিময়ে অর্থ নিয়েছে তাদের কয়েকজনের নাম ও ঠিকানা, ভর্তির তারিখ, ছাড়পত্র নেয়ার তারিখ এর বর্ননা এতদসংগে সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, জবাব কোহিনুর বেগম এর দূরনীতি ও অনিয়মের বিষয়ে আনিত অভিযোগটি তদন্ত পূর্বক মতামত প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

স্বাঃ/-
(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।

০১ জ্যৈষ্ঠ,১৪২৪।
নং- ডিজিএনএম/শা-১/১ক-৩৩৩১/৯৮/ ৩৮০৪/১(৫) তাং-----------------------
১৪/ জুন,২০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ
১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (দৃঃআঃ- অতিরিক্ত সচিব, নার্সিং ও মিডওয়াইফারি)।
২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগড়া, নড়াইল।
৩। জেলা প্রাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, নড়াইল।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৫। পি,এম,আই,এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

[signature] ১৩.৬.১৭
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং- ডিজিএনএম/শা-১/১স-১৩২১/৯৯/

জ্যৈষ্ঠ,১৪২৪।
তাং-----------------------
জুন,২০১৭।

প্রাপক ঃ জনাব সাজেদা বেগম,
সিনিয়র স্টাফ নার্স,
পিতাঃ মোঃ আঃ রাজ্জাক বেপারী
জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।

বিষয় ঃ কৈফিয়ত তলব প্রসংগে।

উপর্যুক্ত বিয়য়ে জানানো যাচ্ছে যে, আপনি জনাব সাজেদা বেগম(পিতাঃ মোঃ আঃ রাজ্জাক বেপারী), সিনিয়র স্টাফ নার্স, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে স্থানীয় কর্তৃপক্ষ এ মর্মে অভিযোগ প্রেরণ করেছেন যে, আপনি গত ০৫/০৯/২০১৬খ্রিঃ তারিখ হতে ডে-অফ নিয়ে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় আপনাকে স্থানীয়ভাবে কৈফিয়ত তলব করা হলে আপিনি উহার জবাবে পারিবারিক সমস্যার কারণ জানিয়ে উক্ত অনুপস্থিত দিনগুলি ছুটি চেয়ে ০২/১১/২০১৬খ্রিঃ তারিখ কর্মস্থলে যোগদানের আবেদন দাখিল করেন। কিন্তু উহার পর হতে আদ্যাবধি আপনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। আপনার কর্তব্য কাজে অনুপস্থিত থাকার কারণে হাসপাতালে চিকিৎসাধীন রোগীগণ সেবা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে।

এমতাবস্থায়, আপনি জনাব সাজেদা বেগম(পিতাঃ মোঃ আঃ রাজ্জাক বেপারী), সিনিয়র স্টাফ নার্স, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ০৫/০৯/২০১৬খ্রিঃ তারিখ হতে কর্তব্য কাজ থেকে অনুপস্থিত থাকার কারণে চাকুরী বিধি মোতাবেক কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না উহার কারণ অত্র পত্র জারীর ০৭(সাত) কার্য দিবসের মধ্যে আপনার কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪।

নং- ডিজিএনএম/শা-১/১স-১৩২১/৯৯/ ৬৪০৫/১(৫)

৩১/জ্যৈষ্ঠ,১৪২৪।
তাং-----------------------
১৪/জুন,২০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ
১। পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
২। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
৫। পি,এম,আই,এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

১৩.৬.১৭
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।